# পশ্চিমবঙ্গ তথ্য-অধিকার নিয়মাবলী, ২০০৬

## কলকাতা গেজেট, একস্ট্রাঅর্ডিনারী

## বুধবার, ২৯শে মার্চ, ২০০৬

## ৮ই চৈত্র, শকাব্দ ১৯২৭

## পশ্চিমবঙ্গ সরকার

## কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার বিভাগ

## প্রশাসনিক সংস্কার শাখা

## প্রজ্ঞাপন

নং ১৫৭-পি.এ.আর (এ আর) - তাং ১০ই মার্চ, ২০০৬ তথ্যের অধিকার আইন ২০০৫ (২০০৫এর ২২নং আইন) এর ২৭ ধারার অন্তর্গত (২) উপধারা সহযোগে (১) উপধারায় প্রদত্ত ক্ষমতাবলে রাজ্যপাল নিম্নলিখিত নিয়মাবলী প্রণয়ন করিতে বাধিত হইয়াছেন, যথা :—

নিয়মাবলী

১। (১) সংক্ষিপ্ত শিরোনাম ও সূচনা :— এই নিয়মাবলী পশ্চিমবঙ্গ তথ্যের অধিকার সংক্রান্ত নিয়মাবলী, ২০০৬ নামে পরিচিত থাকিবে।

(২) সরকারী গেজেটে প্রজ্ঞাপনের তারিখ হইতে এই নিয়মাবলী কার্যকরী হইবে।

২। (১) সংজ্ঞা : প্রসঙ্গে ভিন্নপ্রকার অর্থ দ্যোতনা না থাকিলে এই নিয়মাবলী দ্বারা

(ক) 'এই আইন' অভিব্যক্তি অনুসারে তথ্যের অধিকার আইন,২০০৫' (২২নং আইন, ২০০৫) বুঝিতে হইবে;

(খ) 'কমিশন' অর্থে পশ্চিমবঙ্গ তথ্য কমিশন বুঝিতে হইবে।

(গ) 'নিবন্ধক' (Registrar) বলিতে কমিশনের নিবন্ধককে বুঝিতে হইবে।

(ঘ) 'ধারা' অর্থে এই আইনের অন্তর্গত ধারা বুঝিতে হইবে।

(ঙ) 'রাজ্য সরকার' বলিতে পশ্চিমবঙ্গ সরকারকে বুঝিতে হইবে।

(২) এই নিয়মাবলীতে ব্যবহৃত শব্দ ও অভিব্যক্তি (Words & expressions) ব্যাখ্যাযুক্ত না হইয়া থাকিলে এই আইনে গৃহীত অর্থ প্রযুক্ত হইবে।

আবেদন ফি —

৩। ৬ধারার (১) উপধারা অনুসারে তথ্যের জন্য রাজ্য জন তথ্য আধিকারিক (এস.পি.আই.ও) অথবা রাজ্য সহকারী জন তথ্য আধিকারিকের (এস.এ.পি.আই.ও) নিকট লিখিত আবেদনপত্রের সহিত ১০ টাকার কোর্ট ফি দিতে হইবে।